(৭)



চ. বি, উপাচার্যের সাথে সাক্ষাৎকালে কথা বলছেন ড. সুলতানা নুরুন নাহার


## চ.বি. উপাচার্যের সাথে যুক্তরাজ্যের গবেষকের সাক্ষাৎ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম. বদিউল আলম-এর সাথে গত ৩ আগস্ট সকাল ১০ টায় যুক্তরাজ্যের দি ওয়াহিও স্টেট ইউনিভারসিটি, কলমবাস, ওয়াহিও এর Astronomy বিভাগের সিনিয়র রিচার্স সায়েন্টিস্ট ড সুলতানা নুরুন নাহার এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। উপাচার্য অতিথিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানান এবং এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগের সংক্ষিপ্ত পরিচিতসহ বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। উপাচার্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও উচ্চতর গবেষণা উন্নয়নে বিশেষ করে তরুণ শিক্ষকদের স্কলারশীপ প্রদানের ব্যাপারে যুক্তরাষ্ট্র সরকারের সহযোগিতার জন্য একজন গবেষক হিসেবে ড. নাহারের সহযোগিতা কামনা করেন। ড. নাহার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীল ও শান্তিপূর্ণ একাডেমিক পরিবেশের কথা জেনে ছাত্র-শিক্ষকবৃন্দকে স্কলারশীপ প্রদানসহ উচ্চতর গবেষণা ও একাডেমিক উন্নয়নে যুক্তরাজ্য সরকারের পক্ষ থেকে সহযোগিতার আশ্বাস দেন। উপাচার্য অতিথিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের Facts File উপহার হিসেবে প্রদান করেন।

এ সময় চ.বি. পদার্থ বিভাগের সভাপতি প্রফেসর ড. বিকিরণ প্রসাদ বড়ুয়া ও চ.বি. ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক মোহাম্মদ শাহাব উদ্দিন উপস্থিত ছিলেন। খবর বিজ্ঞপ্তির।

দৈনিক আজাদী
৮.৮.২০০৮

(৭)



যুক্তরাজ্যের দি ওয়াহিও স্টেট ইউনিভারসিটির Astronomy বিভাগের Senior Research Scientist Dr. Sultana Nurun Nahar এর সাথে চবি উপাচার্য প্রফেসর ড. এম. বদিউল আলম এর সৌজন্য সাক্ষাত।

## চবি ভিসির সাথে যুক্তরাজ্যের ইউনিভার্সিটি শিক্ষকের সৌজন্য সাক্ষাৎ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম বদিউল আলম এর সাথে গত ৩রা আগষ্ট সকাল ১০টায় অফিস কক্ষে যুক্তরাজ্যের দি ওয়াহিও স্টেট ইউনিভার্সিটি, কলমবাস, ওয়াহিও এর এস্টোনমি বিভাগের সিনিয়র রিসার্স সায়েন্টিস্ট ডঃ সুলতানা নুরুন নাহার এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

ভিসি অতিথিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সবুজ ক্যাম্পাসে স্বাগত জানান এবং এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগের সংক্ষিপ্ত পরিচিতিসহ বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন।

ড. নাহার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীল ও শান্তিপূর্ণ একাডেমিক পরিবেশের কথা জেনে ছাত্র-শিক্ষকবৃন্দকে স্কলারশীপ প্রদানসহ উচ্চতর গবেষণা ও একাডেমিক উন্নয়নে এ বিশ্ববিদ্যালয়কে তাঁর সরকারের পক্ষ থেকে সহযোগিতা প্রদানের ব্যাপারে তাঁর আন্তরিক প্রচেষ্টা থাকবে বলে আশ্বাস প্রদান করেন। ভিসি অতিথিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফ্যাক্টস ফাইল উপহার হিসেবে প্রদান করেন।

এ সময় চবি, পদার্থ বিদ্যা বিভাগের সভাপতি প্রফেসর ড. বিকিরণ প্রসাদ বড়ুয়া, ও চবি ম্যানেজার স্টাডিজ বিভাগের প্রভাষক মোহাম্মদ শাহাবউদ্দিন উপস্থিত ছিলেন। খবর বিজ্ঞপ্তির।

দৈনিক কর্ণফুলী
৮.৮.২০০৮

(৮)

## চবির বিভিন্ন বিভাগের পরীক্ষা ও ফি দাখিলের সময়সূচি

আইন বিভাগ : চবি ১৯৯৮ সালের এলএলবি প্রিলিমিনারী পরীক্ষা আগামী ২০ আগস্ট হতে শুরু হবে।

উক্ত পরীক্ষার ফরম পূরণ ও ফি দাখিলের তারিখ ঘোষণা করা হয়েছে। বিলম্ব ফি ছাড়া আগামীকাল পর্যন্ত এবং বিলম্ব ফিসহ ১০ আগস্ট পর্যন্ত ফরম ও ফি ব্যাংকে জমা দেয়া যাবে।

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ : চবি ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের এমএ শেষপর্ব-২০০৫ এর 'এ' ও 'বি' গ্রুপের রচনাপত্রের পরীক্ষা আগামী ২০ আগস্ট সকাল ১১টায় অনুষ্ঠিত হবে।

নৃবিজ্ঞান বিভাগ : চবি ২০০৭ সালের ৩য় বর্ষ বিএসএস অনার্স নৃবিজ্ঞান বিষয়ের পরীক্ষার ফরম পূরণ ও ফি দাখিলের তারিখ ঘোষণা করা হয়েছে। বিলম্ব ফি ব্যতীত ১২ থেকে ১৪ আগস্ট পর্যন্ত এবং বিলম্ব ফিসহ ২০ আগস্ট পর্যন্ত ফরম ও ফি ব্যাংকে জমা দেয়া যাবে।

রাজনীতি বিজ্ঞান বিভাগ : চবি রাজনীতি বিজ্ঞান বিভাগের এমএসএস শেষ পর্ব-২০০৬ এর কোর্স নম্বর ৫০১ থেকে ৫০৭ এর পরীক্ষাসমূহ আগামী ৪ সেপ্টেম্বর থেকে ১ নভেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে এবং ৩য় বর্ষ বিএসএস (সম্মান)-২০০৭ এর কোর্স নম্বর ৩০১ থেকে ৩০৯ এর পরীক্ষাসমূহ আগামী ১৮ অক্টোবর থেকে ২৩ নভেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টায় শুরু হবে। বিজ্ঞপ্তি

দৈনিক সুপ্রভাত বাংলাদেশ
৮.৮.২০০৮



*যুক্তরাজ্যের দি ওয়াহিও স্টেট ইউনিভার্সিটির Astronomy বিভাগের Senior Research Scientist Dr. Sultana Nurun Nahar গতকাল সকালে চবি উপাচার্য প্রফেসর ড. এম. বদিউল আলম এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।*

# চবি উপাচার্য সকাশে যুক্তরাজ্যের সিনিয়র রিসার্চ সাইন্টিষ্ট ড. সুলতানা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম. বদিউল আলম এর সাথে গতকাল উপাচার্যের অফিস কক্ষে যুক্তরাজ্যের দি ওয়াহিও স্টেট ইউনিভারসিটি, কলমবাস, ওয়াহিও ( The

৭ম পৃঃ ১ম কঃ দেখুন

# চবি উপাচার্য সকাশে

Ohio State University,Columbus, Ohio) এর Astronomy বিভাগের Senior Research Scientist Dr. Sultana Nurun Nahar, APS Fellow এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। উপাচার্য অতিথিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সবুজ ক্যাম্পাসে স্বাগত জানান এবং এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগের সংক্ষিপ্ত পরিচিতিসহ বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। উপাচার্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও উচ্চতর গবেষণা উন্নয়নে বিশেষ করে তরুণ শিক্ষকদের স্কলারশীপ প্রদানের ব্যাপারে যুক্তরাষ্ট্র সরকারের সহযোগিতার হাত সম্প্রসারণে একজন গবেষক হিসেবে ড. নাহারের আন্তরিক সহযোগিতা কামনা করেন। ড. নাহার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীল ও শান্তিপূর্ণ একাডেমিক পরিবেশের কথা জেনে ছাত্র-শিক্ষকবৃন্দকে স্কলারশীপ প্রদানসহ উচ্চতর গবেষণা ও একাডেমিক উন্নয়নে এ বিশ্ববিদ্যালয়কে যুক্তরাষ্ট্র সরকারের পক্ষ থেকে সহযোগতি প্রদানের ব্যাপারে তাঁর আন্তরিক প্রচেষ্টা থাকবে বলে আশ্বাস প্রদান করেন। উপাচার্য অতিথিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের Facts File উপহার হিসেবে প্রদান করেন।

এ সময় চ.বি পদার্থ বিদ্যার বিভাগের সভাপতি প্রফেসর ড. বিকিরণ প্রসাদ বড়ুয়া ও চ.বি. ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক মোহাম্মদ শাহাব উদ্দিন উপস্থিত ছিলেন। খবর বিজ্ঞপ্তির

(১)

# চবি উপাচার্যের সঙ্গে যুক্তরাজ্যের ওহিও স্টেট ভার্সিটির গবেষক নূরুন্নাহারের সাক্ষাৎ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম বদিউল আলম এর সাথে গত ৩ আগস্ট সকাল ১০টায় উপাচার্যের অফিস কক্ষে যুক্তরাজ্যের দি ওহিও স্টেট ইউনিভার্সিটির এন্টোমোলজি বিভাগের সিনিয়র রিসার্চ সায়েন্টিস্ট ড. সুলতানা নুরুন্নাহার এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

উপাচার্য অতিথিকে স্বাগত জানান এবং এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগের সংক্ষিপ্ত পরিচিতিসহ বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন।

উপাচার্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও উচ্চতর গবেষণা উন্নয়নে বিশেষ করে তরুণ শিক্ষকদের স্কলারশিপ প্রদানের ব্যাপারে যুক্তরাষ্ট্র সরকারের সহযোগিতার হাত সম্প্রসারণে একজন গবেষক হিসেবে ড. নাহারের আন্তরিক সহযোগিতা কামনা করেন। ড. নাহার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীল ও শান্তিপূর্ণ একাডেমিক পরিবেশের কথা জেনে ছাত্র-শিক্ষকবৃন্দকে স্কলারশিপ প্রদানসহ উচ্চতর গবেষণা ও একাডেমিক উন্নয়নে এ বিশ্ববিদ্যালয়কে যুক্তরাষ্ট্র সরকারের পক্ষ থেকে সহযোগিতা প্রদানের ব্যাপারে তাঁর আন্তরিক প্রচেষ্টা থাকবে বলে আশ্বাস প্রদান করেন। উপাচার্য অতিথিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফ্যাক্টস ফাইল উপহার হিসেবে প্রদান করেন।

এ সময় চবি পদার্থবিদ্যা বিভাগের সভাপতি প্রফেসর ড. বিকিরণ প্রসাদ বড়ুয়া ও চবি ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক মোহাম্মদ শাহাব উদ্দিন উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

দৈনিক সুপ্রভাত বাংলাদেশ
(৫) ৫.৮.২০০৬